

বিধি	সময়, মূল্য, ইত্যাদি
	দরপত্র ও প্রস্তাব উন্মুক্তকরণ কমিটির সদস্যপ্রতি সম্মানি: ► থোক ১০০০ (এক হাজার) টাকা; মূল্যায়ন কমিটির সদস্যপ্রতি সম্মানি: ১০ (দশ) কোটি টাকার ঊর্ধ্বের ক্রয়ের ক্ষেত্রে: ► প্রতি সভার জন্য ৫০০০ (পাঁচ হাজার) টাকা হারে, যাহা সর্বোচ্চ তিনটি সভার জন্য প্রদত্ত হইবে; ১ (এক) কোটি টাকার ঊর্ধ্ব হইতে ১০ (দশ) কোটি টাকা পর্যন্ত ক্রয়ের ক্ষেত্রে: ► প্রতি সভার জন্য ৩০০০ (তিন হাজার) টাকা হারে, যাহা সর্বোচ্চ তিনটি সভার জন্য প্রদত্ত হইবে; ১০ (দশ) লক্ষ টাকার ঊর্ধ্ব হইতে ১ (এক) কোটি টাকা পর্যন্ত ক্রয়ের ক্ষেত্রে: ► প্রতি সভার জন্য ২০০০ (দুই হাজার) টাকা হারে, যাহা সর্বোচ্চ তিনটি সভার জন্য প্রদত্ত হইবে; ১০ (দশ) লক্ষ টাকা পর্যন্ত ক্রয়ের ক্ষেত্রে: ► প্রতি সভার জন্য ১০০০ (এক হাজার) টাকা হারে, যাহা সর্বোচ্চ তিনটি সভার জন্য প্রদত্ত হইবে; ► প্রাকযোগ্যতা আবেদন বা আগ্রহ ব্যক্তকরণপত্র মূল্যায়নের ক্ষেত্রে কমিটির সদস্যগণ সর্বোচ্চ ২(দুই)টি সভার জন্য সম্মানি প্রাপ্য হইবে, তবে এইরূপ সভার সংখ্যা প্যাকেজের দরপত্র বা প্রস্তাব মূল্যায়ন সভাসংখ্যা হইতে পৃথক হইবে। কারিগরি সাব কমিটির সদস্যপ্রতি সম্মানি: ► মূল্যায়ন কমিটির জন্য প্রযোজ্য হারে, তবে সর্বোচ্চ দুইটি সভার জন্য সম্মানি প্রাপ্য। তালিকাভুক্তিকরণ কমিটির সদস্যগণের জন্য প্রদত্ত সম্মানির হার: ► সীমিত দরপত্র পদ্ধতির জন্য: প্রতি সভার জন্য সদস্যপ্রতি ১৫০০ (এক হাজার পাঁচশত) টাকা, যাহা সর্বোচ্চ দুইটি সভার জন্য প্রদত্ত হইবে; ► আন্তর্জাতিক কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপন পদ্ধতির জন্য: প্রতি সভার জন্য সদস্যপ্রতি ২৫০০ (দুই হাজার পাঁচশত) টাকা, যাহা সর্বোচ্চ দুইটি সভার জন্য প্রদত্ত হইবে।

বিধি	সময় মূল্য, ইত্যাদি
	পণ্য ও সংশ্লিষ্ট সেবার মূল্যসীমা :
	▶ ২৫ (পঁচিশ) লক্ষ টাকা পর্যন্ত উন্মুক্ত ও সীমিত দরপত্র পদ্ধতিতে ক্রয় ; ▶ ৫ (পাঁচ) লক্ষ টাকা পর্যন্ত সরাসরি দরপত্র পদ্ধতিতে ক্রয় ; ▶ ৫ (পাঁচ) লক্ষ টাকা পর্যন্ত কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপন পদ্ধতিতে ক্রয় ; ▶ ^১[***] বৈদেশিক মিশনসমূহের ক্ষেত্রে ^২[২০ (বিশ)] লক্ষ টাকা পর্যন্ত কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপন পদ্ধতিতে ক্রয় ; ^৩▶ বাংলাদেশের বাহিরে জাতীয় পতাকাবাহী বাহনের ক্ষেত্রে ৫০ (পঞ্চাশ) লক্ষ টাকা পর্যন্ত সরাসরি ক্রয় পদ্ধতিতে ক্রয়।]
বিধি	সময়, মূল্য, ইত্যাদি
	কার্য এবং ভৌত সেবার মূল্যসীমা :
	▶ ^৩[৩ (তিন) কোটি] টাকা পর্যন্ত উন্মুক্ত ও সীমিত দরপত্র পদ্ধতিতে ক্রয় ; ▶ ১০ (দশ) লক্ষ টাকা পর্যন্ত সরাসরি দরপত্র পদ্ধতিতে ক্রয় ; ▶ ১০ (দশ) লক্ষ টাকা পর্যন্ত কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপন পদ্ধতিতে ক্রয়।
	সেবাসমূহের মূল্যসীমা :
	▶ ৫০ (পঞ্চাশ) লক্ষ টাকার পর্যন্ত সর্বনিম্ন ব্যয়ভিত্তিক নির্বাচন পদ্ধতিতে বুদ্ধিবৃত্তিক ও পেশাগত সেবা ক্রয় ; ▶ ১০ (দশ) লক্ষ টাকা পর্যন্ত একক উৎসভিত্তিক নির্বাচন পদ্ধতিতে বুদ্ধিবৃত্তিক ও পেশাগত সেবা ক্রয় ; ▶ ^৪[***]
৮(৮)	▶ মূল্যায়ন কমিটির সভার বৈধতার জন্য অনূন ৩ (তিন) জন সদস্যের উপস্থিতি আবশ্যিক হইবে।]
৮(১৪)	কারিগরি সাব-কমিটির সদস্য সংখ্যা :
	▶ অনধিক ৩ (তিন) জন।
^৫ ৮(১৫)	^৫মূল্যায়ন কমিটির সদস্য প্রতি ফি বা সম্মানী :
	১০ (দশ) কোটি টাকার উর্ধ্বের ক্রয়ের ক্ষেত্রে : ▶ প্রতি সভার জন্য সদস্য প্রতি ৩০০০ (তিন হাজার) টাকা হারে, সর্বোচ্চ ৩ (তিন)টি সভার জন্য ৯০০০ (নয় হাজার) টাকা ;

^১এস, আর, ও নং ১৬৫-আইন/২০১৮, তারিখ : ৭ জুন, ২০১৮ দ্বারা “জাতীয় পতাকাবাহী বাহন ও ” শব্দগুলি বিলুপ্ত হইবে এবং অতঃপর পঞ্চম এন্ট্রি সংযোজিত, সেকশন-৭ (খ) (আ)।

^২এস, আর, ও নং ৩৪৫-আইন/২০১৬, তারিখ : ২১ নভেম্বর, ২০১৬ দ্বারা “১৫ (পনের)” সংখ্যা, বন্ধনী ও শব্দের পরিবর্তে “২০ (বিশ)” সংখ্যা, বন্ধনী ও শব্দ প্রতিস্থাপিত, সেকশন-৩০ (ক)।

^৩এস, আর, ও নং ১৬৫-আইন/২০১৮, তারিখ : ৭ জুন, ২০১৮ দ্বারা “৫০(পঞ্চাশ) লক্ষ” সংখ্যা, বন্ধনী ও শব্দগুলি, পরিবর্তে “৩ (তিন) কোটি” সংখ্যা বন্ধনী ও শব্দগুলি প্রতিস্থাপিত, সেকশন-৭ (খ) (ঈ)।

^৪এস, আর, ও নং ১৬৫-আইন/২০১৮, তারিখ : ৭ জুন, ২০১৮ দ্বারা “এন্ট্রি” বিলুপ্ত, সেকশন-৭ (খ) (ঈ)।

^৫এস, আর, ও নং ৭৩-আইন/২০১১, তারিখ : ২৭ মার্চ, ২০১১ দ্বারা প্রতিস্থাপিত, সেকশন-২৩ (খ)।

^৬এস, আর, ও নং ৩৪৫-আইন/২০১৬, তারিখ : ২১ নভেম্বর, ২০১৬ দ্বারা “এন্ট্রিসমূহ” প্রতিস্থাপিত, সেকশন-৩০ (খ)।

বিধি	সময় মূল্য, ইত্যাদি
	১ (এক) কোটি টাকার ঊর্ধ্ব হইতে ১০ (দশ) কোটি টাকা পর্যন্ত ক্রয়ের ক্ষেত্রে : ▶ প্রতি সভার জন্য সদস্য প্রতি ২০০০(দুই হাজার) টাকা হারে, সর্বোচ্চ ৩ (তিন)টি সভার জন্য ৬০০০ (ছয় হাজার) টাকা ; ১০ (দশ) লক্ষ টাকার ঊর্ধ্ব হইতে ১ (এক) কোটি টাকা পর্যন্ত ক্রয়ের ক্ষেত্রে : ▶ প্রতি সভার জন্য সদস্য প্রতি ১০০০(এক হাজার) টাকা হারে, সর্বোচ্চ ৩ (তিন)টি সভার জন্য ৩০০০ (তিন হাজার) টাকা ; ১০ (দশ) লক্ষ টাকা পর্যন্ত ক্রয়ের ক্ষেত্রে : ▶ প্রতি সভার জন্য সদস্য প্রতি ৬০০(ছয় শত) টাকা হারে, সর্বোচ্চ ৩ (তিন)টি সভার জন্য ১৮০০ (এক হাজার আটশত) টাকা ;
	কারিগরি সাব-কমিটির সদস্য প্রতি ফি/সম্মানী : ১০ (দশ) কোটি টাকার ঊর্ধ্বের ক্রয়ের ক্ষেত্রে : ▶ প্রতি সভার জন্য সদস্য প্রতি ৩০০০(তিন হাজার) টাকা হারে, সর্বোচ্চ ২ (দুই)টি সভার জন্য ৬০০০ (ছয় হাজার) টাকা ; ১ (এক) কোটি টাকার ঊর্ধ্ব হইতে ১০ (দশ) কোটি টাকা পর্যন্ত ক্রয়ের ক্ষেত্রে : ▶ প্রতি সভার জন্য সদস্য প্রতি ২০০০(দুই হাজার) টাকা হারে, সর্বোচ্চ ২ (দুই)টি সভার জন্য ৪০০০ (চার হাজার) টাকা ; ১০ (দশ) লক্ষ টাকার ঊর্ধ্ব হইতে ১ (এক) কোটি টাকার পর্যন্ত ক্রয়ের ক্ষেত্রে : ▶ প্রতি সভার জন্য সদস্য প্রতি ১০০০ (এক হাজার) টাকা হারে, সর্বোচ্চ ২ (দুই)টি সভার জন্য ২০০০ (দুই হাজার) টাকা ; ১০ (দশ) লক্ষ টাকা পর্যন্ত ক্রয়ের ক্ষেত্রে : ▶ প্রতি সভার জন্য সদস্য প্রতি ৬০০(ছয়শত) টাকা হারে, সর্বোচ্চ ২ (দুই) সভার জন্য ১২০০ (এক হাজার দুইশত) টাকা ।]]
	যে মূল্যের চুক্তির ক্ষেত্রে একই মন্ত্রণালয় বা বিভাগ বা এজেন্সী অধীনস্থ অপরাপর ক্রয়কারীসমূহের কর্মকর্তাকে মূল্যায়ন কমিটির বহিঃসদস্য হিসাবে অন্তর্ভুক্ত করা যাইবে :
	[***]
১৬ (১১)	ক্রয়-পরিকল্পনা সিপিটিইউর ওয়েবসাইটে প্রকাশ : ▶ ১ (এক) কোটি টাকার বা তদূর্ধ্ব মূল্যের কার্য, পণ্য এবং সংশ্লিষ্ট সেবা ক্রয়ের ক্ষেত্রে ; ▶ ৫০ (পঞ্চাশ) লক্ষ টাকা বা তদূর্ধ্ব মূল্যের ভৌত সেবা ক্রয়ের ক্ষেত্রে ; ▶ ৫০ (পঞ্চাশ) লক্ষ টাকা বা তদূর্ধ্ব মূল্যের বুদ্ধিবৃত্তিক ও পেশাগত সেবা ক্রয় ।
১৮ (১) (গ)	প্রাক-দরপত্র সভার কার্যবিবরণী বিতরণের সময় :
	▶ অনধিক ১ (এক) সপ্তাহ ।